গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৭জি ৮৬৩ (ক-৩)/২০০৬(অংশ-১)/২৯৩৭/৬

তারিখ: ৩০/০৮/১৪২৮ বঙ্গাব্দ:
১৫/১২/২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : চট্টগ্রাম জেলার সরকারিকৃত আশেকানে আউলিয়া ডিগ্রি মহাবিদ্যালয় এর জনাব মো: সেলিমুজ্জমান মজুমদারের উপাধ্যক্ষ পদে এমপিওভুক্তি ও কলেজ সরকারিকরণে তার নাম অন্তর্ভুক্ত করে ০৫/০৫/২০১০খ্রি. তারিখ থেকে বকেয়া বেতন পাওয়ার জন্য আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার সরকারিকৃত আশেকানে আউলিয়া ডিগ্রি মহাবিদ্যালয় এর জনাব মো: সেলিমুজ্জমান মজুমদার এর উপাধ্যক্ষ পদে এমপিওভুক্তি ও কলেজ সরকারিকরণে তার নাম অন্তর্ভুক্ত করে ০৫/০৫/২০১০খ্রি. তারিখ থেকে বকেয়া বেতন পাওয়ার জন্য আবেদন করেন।

আবেদনের বর্ণনা: "আমি গত ০৫ মে, ২০১০ খ্রি. তারিখে আশেকান আউলিয়া ডিগ্রি কলেজে উপাধ্যক্ষ পদে যোগাদান করি। বর্তমান অধ্যক্ষের নির্দেশে পূর্বকর্মস্থল থেকে রিলিজ সংশ্লিষ্ট কাগজপত্র আনি এবং তার নির্দেশে বিনা বেতনে ২ বছর ৭ মাস ৫ দিন দায়িত্ব পালন করি। ২৭ ডিসেম্বর ২০১০ তারিখে এমপিওভুক্তির জন্য মাউশিতে আবেদন করি"। তার নিয়োগের বিরুদ্ধে কতিপয় শিক্ষক অভিযোগ দায়ের করেন। অভিযোগ তদন্ত করে প্রতিষ্ঠানের নব নিয়োগ প্রাপ্ত উপাধ্যক্ষ জনাব সেলিমুজ্জমান মজুমদারের নিয়োগ প্রক্রিয়াকে অস্বচ্ছ, অনৈতিক, অসাধু তৎপরতা ও বিধি সম্মত হয়নি বিবেচনায় তাঁর নিয়োগকে অবৈধ ঘোষণা করা যায় এবং যেহেতু তার নিয়োগকে বৈধ বলা যায় না তাই তার এমপিওভুক্তির সুযোগ বা অবকাশ নেই বলা যায়। ১৪/১২/২০১৬খ্রি. তারিখে একটি আবেদনঅত্র অধিদপ্তরে দাখিল করেন। উক্ত আবেদন নিষ্পত্তি না হওয়ায় তিনি মহামান্য হাইকোর্টে রীট পিটিশন নং ৩৯৪০/২০১৭ দায়ের করেন। রিট মামলায় মহামান্য আদালত বিবাদীগণের প্রতি রুলনিশি জারি করেন এবং অন্তর্বতীকালীন আদেশ প্রদান করেন। উক্ত আদেশে মহামান্য আদালত বিবাদী-৩ কে (মহাপরিচালক) পিটিশনারের ১৪/১২/২০১৬ তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার নির্দেশ দেন। উক্ত বিষয়ে আইন শাখা মতামত দাখিল করেন। রিট পিটিশন নং ৩৯৪০/২০১৭ থেকে সিভিল পিটিশন লিভ টু আপিল নং ২৯৪৮/২০১৭ উদ্ভূত। উক্ত পিটিশনটি আশেকানে আউলিয়া ডিগ্রি কলেজের জাতীয়করণ সংক্রান্ত তালিকায় শিক্ষক/কর্মচারীদের সাথে উপাধ্যক্ষের নাম অন্তর্ভুক্ত না হওয়ার কারণে দায়ের করা হয়। উল্লিখিত রিট পিটিশনের বিষয়ে সরকারি কলেজ শাখা ও আইন শাখা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

14.12.21
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
আশেকানে আউলিয়া ডিগ্রি কলেজ
চট্টগ্রাম।

অনুলিপি:
১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
২। সভাপতি, আশেকানে আউলিয়া ডিগ্রি কলেজ, চট্টগ্রাম।
৩। উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। শিক্ষা অফিসার (আইন-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব মোঃ সেলিমুজ্জামান মজুমদার, উপাধ্যক্ষ, আশেকানে আউলিয়া ডিগ্রি কলেজ, চট্টগ্রাম।
৬। সংরক্ষণ নথি।